# কর্মক্ষেত্র
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

**কর্মখালি**

### জেলাভিত্তিক স্থায়ী কাজ
প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্র, ATM, টাওয়ার Co, ফ্যাক্টরি, অফিস, শপিংমলে কর্মী নিয়োগ। (বেতন: 12,500/- – 22,500/-), M: 90515-60042.

□

### জাহাজে ও ডকে স্থায়ী জব
WB Kol-L/C NO WB AL 70N65 পঃ বাংলার বিভিন্ন জেলার কর্মপ্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 186 জন M/F কর্মী নিয়োগ করানো হচ্ছে। Salary 19750/- – 46,500/-, থাকা খাওয়া-সহ অন্যান্য সুবিধা। Help: 83273-29779.

□

### প্রাঃ ব্যাঙ্ক DSA স্থায়ী ভাবে
WB. L/C No. Kol-50W85 পঃ বাংলার বিভিন্ন প্রান্তের প্রাঃ ব্যাঙ্ক ও Bank Office-সহ ব্যাঙ্ক DSA-এর জন্য 326 জন M/F বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে পঃ বাংলার বিভিন্ন প্রান্তে নিয়োগ করানো হচ্ছে। বেতন: 16,500/- – 32,700/-. এছাড়া অন্যান্য সুযোগ-সুবিধা থাকবে। HELP: 83287-28134.

□

### আর্জেন্ট কাজের সুযোগ
পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. ব্যাঙ্ক, NC, MNC, Pvt. Ltd. Co. ATM ও টাওয়ার Co. Pvt স্বাস্থ্যকেন্দ্র অফিসিয়াল ও অন্যান্য পদে M/F নিয়োগ। বেতন: (12,500/- – 23,700/-), M: 78725-38656.

□

### Airport ও ব্যাঙ্কে 5 দিনে স্পট জয়েনিং
গঃভঃ স্বীকৃত বিনা ডোনেশনে অষ্টম/স্নাতক M/F কর্মী নিয়োগ চলছে। বেতন: 18,700/- – 48,300/-, থাকা খাওয়া ফ্রী। M: 97336-93202.

□

### Airport ও ব্যাঙ্কে পার্মানেন্ট জব
**Govt. Reg. No-6987**
কোনও ডোনেশন ছাড়াই Airport ও ব্যাঙ্কে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন: 16,700/- – 49,400/-. থাকা খাওয়া ফ্রী। M: 95936-34587.

□

### সরাসরি এলাকাভিত্তিক কাজ
নামসই-স্নাতক। বেতন: 16,800/- – 25,200/- অফিস স্টাফ, S/V, স্টোর কিপার, ATM গার্ড পদে, ব্যাঙ্ক DSA, প্যাকিং-এ ছেলে/মেয়ে চাই। AP, সোদপুর, Kol-110, M: 82740-75374/ 90731-31181.

□

### ২৩টি জেলায় স্থায়ী জব
L/C No.:- WBKOL-C85B05 উঃ বঙ্গ-সহ পঃ বঙ্গের সমস্ত জেলায় ডোনেশন ছাড়া NC, MNC Pvt. Co.-তে ব্যাঙ্ক শপিংমল-এ ব্যাক অফিস, রিশেপসনিস্ট SV, ইনচার্জ ATM, Tower গার্ড, ব্যাঙ্ক DSA-তে প্যাকিং এবং অন্যান্য বিভিন্ন কাজে প্রচুর M/F চাই। Age: 18-45, বেতন: 13,930/- – 26,500/-, থাকা খাওয়া ESI, PF, বোনাসের সুবিধা আছে। বিঃ দ্রঃ: এজেন্ট স্বাগত, HELP: 95932-11800.

□

### D গ্রুপে কর্মী নিয়োগ
বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্ক (অষ্টম-স্নাতক) কর্মী নিয়োগ। বেতন: 18,200/- – 47,300/-, Ex-আর্মির বিশেষ ছাড়। M: 95935-68676.

□

### ডাইরেক্ট জয়েনিং
Govt. R. No.: 6275 বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্ক DSA-তে 135 জন M/F অষ্টম-স্নাতক কর্মী চাই। বেতন: 14,700/- – 42,300/-, PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রি। M: 95934-63109.

□

**কর্মখালি**

### আর্জেন্ট কর্মী নিয়োগ
23টি জেলায় বিভিন্ন কোম্পানি, ফ্যাক্টরি, অফিস, শপিংমল, ATM টাওয়ার Co.-তে কাজ। বেতন: 12,500/- – 22,500/- M: 83483-31196.

□

### Airport ও ব্যাঙ্কে পার্মানেন্ট জব
**Govt. Reg. No-6987**
কোনও ডোনেশন ছাড়াই Airport ও ব্যাঙ্কে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন: 16,700/- – 49,400/-. থাকা খাওয়া ফ্রী। M: 95934-62948.

□

### স্টার হোটেলে 6-17,500/-
রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

### জেলাভিত্তিক কাজ
পঃ বঃ প্রতিটি জেলায় 4G ও 5G টাওয়ার Co.-তে সুপারভাইজার CCTV অপারেটর ATM পদে কর্মী নিয়োগ চলছে। বেতন: 12,300/- – 19,800/-, M: 83278-79970.

□

### ডাইরেক্ট 5 দিনে স্পট জয়েনিং
গভঃ লাইসেন্সপ্রাপ্ত অফিস Airport ও ব্যাঙ্কে বিনা ডোনেশনে অষ্টম-স্নাতক কর্মী চাই। বেতন: 16,400/- – 47,300/-, থাকা খাওয়া ফ্রী। M: 97332-31094.

□

### সরাসরি কর্মী নিয়োগ
প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিং হোম, Pvt. Co, শপিংমল কর্মী নিয়োগ চলছে। বেতন: 12,500/- – 18,500/-, থাকা খাওয়ার সুবিধা আছে। যোগাযোগ: 82760-13564.

□

সরাসরি ৭ দিনে চাকরি- গভঃ রেজিঃ নং: 254/01, বেতন: 17,900/- – 39,500/-, উঃ বঙ্গ-সহ 23 জেলায় ক্লার্ক, SV, ইনচার্জ, ASV, ম্যানেজার, পিওন ব্যাঙ্ক ATM, টাওয়ার গার্ড, Ex-আর্মি, গানম্যান, মেট্রো এয়ারপোর্ট, জাহাজ বন্দর Co.-তে ছেলেমেয়ে সমস্ত সুবিধা। G. C. A, BBN 24 Pgs, M: 99335-27495 / 80136-07954. এজেন্ট স্বাগত।

□

জনপ্রিয় এগ্রিকালচার কোম্পানিতে উঃ ২৪ পরঃ, হুগলি, বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, জলপাইগুড়ি ও কোচবিহার জেলায় নিজ বাইক-সহ অভিজ্ঞ Sr. Sales Executive চাই। Salary + TA-DA + Incentive. M: 99034-10008. Mail: corporate.ccr@gmail.com

□

G.N.M/B.Sc. Nursing / Technician [ICU, OT, Nicu, Pathology (BMLT] Male/Female কাজ জানা Staff চাই। Mob: 90023-63569 / 99336-81281 / 94348-01333.

**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# বিশাখাপত্তনম ন্যাভাল ডকইয়ার্ডে ২৭৫ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

*প্রথম পাতার পর*

আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিট মেটাল ওয়ার্কার** ৩৪টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **পাইপ ফিটার** ২২টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট। ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডে মেকানিক (রেডিও অ্যান্ড টিভি) সার্টিফিকেটধারীরাও আবেদনের যোগ্য।পাইপ ফিটার ট্রেডের ক্ষেত্রে প্লাম্বার ট্রেডে আই টি আই উত্তীর্ণরা আবেদন করবেন।

**বয়স:** জন্মতারিখ হতে হবে ১-৪-২০০১ থেকে ১-৪-২০০৮ তারিখের মধ্যে। তফসিলিরা ৫ বছরের এবং প্রতিরক্ষাকর্মীদের সন্তানেরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৩৭ সেমি। ওজন অন্তত ২৫.৪ কেজি হতে হবে।

মাধ্যমিক ও আই টি আই পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। পরীক্ষা হবে ২৭ জানুয়ারি। পরীক্ষায় ম্যাথমেটিক্স, জেনারেল সায়েন্স ও জেনারেল নলেজ বিষয়ে প্রশ্ন হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ইন্টারভিউয়ে ডাকা হবে। ইন্টারভিউ ৩১ জানুয়ারি থেকে ৩ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে। এরপর হবে মেডিক্যাল এক্সামিনেশন।

প্রথমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeshipindia.org. রেজিস্ট্রেশন করা যাবে ৫ ডিসেম্বর পর্যন্ত। রেজিস্ট্রেশনের পর দু'টি হল টিকিটের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

### পূরণ করা হল টিকিটের সঙ্গে দেবেন
- ✓২ কপি পাসপোর্ট মাপের ফটো। ফটো ১ মাসের বেশি পুরনো হলে চলবে না। ফটোয় তারিখের উল্লেখ থাকতে হবে। ফটোদু'টি হল টিকিটের নির্দিষ্ট জায়গায় সেঁটে তার উপর সই করবেন।
- ✓চেক অফ লিস্টের প্রিন্ট আউট।
- ✓অ্যাপ্রেন্টিস প্রোফাইলের প্রিন্ট আউট।
- ✓শিক্ষাগত যোগ্যতা ও বয়সের যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে মেডিক্যাল সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓স্থায়ী বাসস্থানের প্রমাণপত্র হিসেবে ভোটার কার্ড বা পাসপোর্ট বা রেশন কার্ড বা আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓নিজের নাম-ঠিকানা লেখা ও ১০ টাকার ডাকটিকিট সাঁটানো ২২×১০ সেমি মাপের একটি খাম।
- ✓কর্মরত সমরকর্মীদের সন্তানদের ক্ষেত্রে যথাযথ প্রমাণপত্রের মূল কপি।
- ✓যথাযথ ভাবে পূরণ করা দু'টি হল টিকিট।

১৪ ডিসেম্বরের মধ্যে ডাকে প্রয়োজনীয় নথিপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: The Officer-in-Charge (for Apprenticeship), Naval Dockyard Apprentices School, VM Naval Base S.O., P.O., Visakhapatnam - 530 014, Andhra Pradesh.

# চণ্ডিগড়ে ১১৬ স্টাফ নার্স

*প্রথম পাতার পর*

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://gmch.gov.in. অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৭ ডিসেম্বর। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও কালো কালির সই (উভয়ই ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ব্যাঙ্ক চালানের মাধ্যমে ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। প্রাক্তন সমরকর্মী ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দেওয়া যাবে। ব্যাঙ্ক চালানের প্রিন্ট আউট নিয়ে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের দু'কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটের নির্দিষ্ট জায়গায় ফটো সাঁটাবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# টাটা মেমোরিয়ালে নার্স

*প্রথম পাতার পর*

টেস্টের জন্য ডাকা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://tmc.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৯ নভেম্বর। অনলাইনে ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ডের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভারতীয় রেলে খেলোয়াড়

*প্রথম পাতার পর*

**লেভেল 'টু'/'থ্রি':** শূন্যপদ ১৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক বা সমতুল। টেকনিশিয়ান-থ্রি পদের ক্ষেত্রে অন্তত মাধ্যমিক। সে ক্ষেত্রে তিন বছরের ট্রেনিং। সংশ্লিষ্ট ক্ষেত্রে আই টি আই পাশ করে থাকলে ৬ মাসের ট্রেনিং। নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: সুইমিং, ওয়াটার পোলো, ব্যাডমিন্টন, ব্রিজ, জিমন্যাস্টিক্স, শুটিং (সব ক'টিই কেবল পুরুষদের জন্য), অ্যাথলেটিক্স, ক্রিকেট (উভয়ই কেবল মহিলাদের জন্য), কবাডি, বাস্কেটবল, আর্চারি (পুরুষ এবং মহিলা উভয়ের জন্য)। **খেলাধুলার যোগ্যতা:** জুনিয়র বা ইয়ুথ বা সিনিয়র ক্যাটেগরির বিশ্বকাপ, জুনিয়র বা সিনিয়র ক্যাটেগরির ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ, সিনিয়র ক্যাটেগরির এশিয়ান গেমস বা কমনওয়েলথ গেমস, ইয়ুথ অলিম্পিক্স, ব্যাডমিন্টনের ক্ষেত্রে থমাস কাপ বা উবের কাপ— এর মধ্যে যে-কোনওটিতে অংশগ্রহণ। অথবা, জুনিয়র বা সিনিয়র ক্যাটেগরির কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপ, এশিয়ান চ্যাম্পিয়নশিপ, এশিয়া কাপ, সিনিয়র ক্যাটেগরির স্যাফ গেমস, সিনিয়র ক্যাটেগরির ইউ সি আই সি (ওয়ার্ল্ড রেলওয়ে) চ্যাম্পিয়নশিপ, ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস, সিনিয়র বা ইয়ুথ বা জুনিয়র ক্যাটেগরির ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ, ইন্ডিয়ান অলিম্পিক্স অ্যাসোসিয়েশনের আওতাধীন ন্যাশনাল গেমস, অল ইন্ডিয়া ইন্টার ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপ— এর মধ্যে যে-কোনওটিতে অন্তত তৃতীয় স্থান অর্জন। অথবা, সিনিয়র ক্যাটেগরির ফেডারেশন কাপ চ্যাম্পিয়নশিপে প্রথম স্থান। **বয়স:** ১-১-২০২২ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৯০০ বা ২,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcer.com. অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১১ ডিসেম্বর।

# ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে ১৮৫

*প্রথম পাতার পর*

মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

গ্রাউন্ডসম্যান: ৪৬টি। এর মধ্যে ৯টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৩টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সংশ্লিষ্ট কাজের বিষয়ে জ্ঞান থাকতে হবে।

জি সি আর্দালি: ৩৩টি। এর মধ্যে ৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক।

মাল্টি টাস্কিং স্টাফ (চৌকিদার): ৪টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

গ্রুম: ৭টি। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সংশ্লিষ্ট কাজের বিষয়ে জ্ঞান থাকতে হবে।

বাইসাইকেল রিপেয়ারার: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বেতনক্রম: ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

বয়স: ৩-১-২০২২ তারিখে এম টি ড্রাইভার এবং জি সি আর্দালির ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছর এবং বাকি সব পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি, প্রাক্তন সমরকর্মী এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং স্কিল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়্যারনেস, জেনারেল ইংলিশ এবং নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড। মোট নম্বর ১৫০, সময় ২ ঘণ্টা।

ফি বাবদ ক্রসড ইন্ডিয়ান পোস্টাল অর্ডারের মাধ্যমে দিতে হবে ৫০ টাকা। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের কোনও ফি লাগবে না। ফি 'Comdt, Indian Military Academy, Dehradun'-এর অনুকূলে প্রদেয় হতে হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান একটি এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নিজে হাতে পূরণ করবেন।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন
- ✓প্রার্থীর তিন কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। অন্য দু'টি ফটোর উপর সই করবেন এবং দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন। তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না।
- ✓ফি জমা দিয়ে পাওয়া রশিদ।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল ও নির্দিষ্ট বয়ানে পূরণ করা আন্ডারটেকিং।
- ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা ও প্রতিটিতে ৫ টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো ৯×৪ ইঞ্চি মাপের ২টি খাম।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের উপর লিখবেন: Application for the post of _______. প্রাক্তন সমরকর্মী এবং প্রতিবন্ধী প্রার্থীরা সহ সব সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিজেদের ক্যাটেগরি খামের বাঁদিকে লিখে দেবেন।

দরখাস্ত ৩ জানুয়ারির মধ্যে রেজিস্টার্ড বা স্পিড পোস্টে পৌঁছতে হবে এই ঠিকানায়: Comdt, Indian Military Academy, Dehradun.

# কারেন্ট অ্যাফেয়ার্স

১৯ অক্টোবর-৩০ অক্টোবর

**১৯ অক্টোবর** মেঘ ভাঙা বৃষ্টি, হড়পা বান আর ধসে ফের বিপর্যস্ত হল দেবভূমি উত্তরাখণ্ড। তিনদিন ধরে লাগাতার বৃষ্টি ও ধসের ফলে ৩৪ জনের মৃত্যুর খবর মিলেছে উত্তরাখণ্ডে, যার বেশিরভাগই নৈনিতালে ঘটেছে। নিখোঁজ হয়েছেন বহু মানুষ। আটকে পড়েছেন পশ্চিমবঙ্গ-সহ বহু রাজ্যের পর্যটকেরা। ধস নেমে বিচ্ছিন্ন হয়ে পড়েছে নৈনিতাল। উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি আকাশপথে পরিস্থিতি খতিয়ে দেখে জানান, মৃতদের পরিবারকে ৪ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়া হবে। গৃহহীনরা পাবেন ১.৯ লক্ষ টাকা।

## জি-২০ বৈঠকে মোদী, গেলেন ভ্যাটিকানেও



**৩০ অক্টোবর:** জি-২০ শীর্ষ সম্মেলনে যোগ দিতে রোম গেলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভ্যাটিকান সিটিতেও যান প্রধানমন্ত্রী। সেখানে মোদী দেখা করলেন ক্যাথলিক খ্রিস্টানদের সর্বোচ্চ ধর্মগুরু পোপ ফ্রান্সিসের সঙ্গে। পোপকে ভারতে আসার আমন্ত্রণও জানিয়েছেন তিনি। পরে জি-২০ শীর্ষ সম্মেলনে যোগ দেন মোদী। 'এক বিশ্ব, এক স্বাস্থ্য' নীতির উপর জোর দিয়ে মোদী দাবি করেছেন, ২০২২-এর মধ্যেই করোনা-টিকার ৫০০ কোটি ডোজ তৈরি করবে ভারত। যা পৌঁছে যাবে বিশ্বের নানা প্রান্তে। করোনা আবহে ১৫০ দেশে চিকিৎসা সরঞ্জামও ভারত পাঠিয়েছে বলে বিশ্বনেতাদের স্মরণ করালেন মোদী। পরিবেশ বাঁচাতেও বিস্তর আলোচনা হয়েছে জি-২০ বৈঠকে। আগামী কয়েক বছরে পৃথিবীর গড় তাপমাত্রা কোনওভাবেই ১.৫ ডিগ্রি সেলসিয়াসের বেশি বাড়তে দেওয়া যাবে না, তা নিয়ে একমত হয়েছেন সকলেই। কিন্তু তা কী ভাবে সম্ভব হবে, সে বিষয়ে দিশাহীন-ই থাকল বৈঠক।

**২০ অক্টোবর** ইউরোপীয় ইউনিয়নের মানবাধিকার রক্ষা সংক্রান্ত সর্বোচ্চ শাখারভ পুরস্কারের জন্য মনোনীত হলেন রাশিয়ার অন্যতম বিরোধী নেতা অ্যালেক্সি নাভালনি। বিরোধী শূন্য রাশিয়ায় প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের অন্যতম সমালোচক নাভালনি বর্তমানে জেলবন্দি। আমেরিকা এবং ইউরোপের নানা দেশ নাভালনির সুরক্ষার জন্য সরব হয়েছে।

**২২ অক্টোবর** বাংলাদেশের কুমিল্লার দুর্গাপুজো মণ্ডপে উস্কানিমূলক কাণ্ডের মূল অভিযুক্ত ইকবাল হোসেন নামে বছর পঁয়ত্রিশের এক ব্যক্তিকে গ্রেপ্তার করল পুলিশ। অশান্তির পিছনে আসলে কাদের হাত, সে ব্যাপারে খোঁজ চলছে বলে জানিয়েছে প্রশাসন। সে দেশের সাম্প্রতিক হিংসা ও হানাহানির পিছনে বিরোধী বিএনপি এবং পাকিস্তানি হানাদার বাহিনীর সমর্থক জামাতে ইসলামির হাত রয়েছে বলে এ দিন ফের সরব হয়েছেন শেখ হাসিনা-সরকারের খাদ্যমন্ত্রী সাধনচন্দ্র মজুমদার। **উত্তরাখণ্ডে ট্রেকিং অভিযানে বেরিয়ে** হারিয়ে গেলেন ৯ বাঙালি ট্রেকার। প্রাকৃতিক বিপর্যয়ের জেরে হিমালয়ের বিভিন্ন ট্রেকিং রুটে যাওয়া অভিযাত্রীদের মৃত্যুর সংখ্যা ক্রমেই বাড়ছে। দুর্গম লামখাগা পাস ও কানাকাটা পাসে দুর্যোগ ঘনিয়ে এসে যে প্রাণহানির ঘটনা ঘটেছে তার মধ্যে রয়েছেন সৌরভ ঘোষ (নেপালগঞ্জ), তন্ময় দাস (কলকাতা), বিকাশ মইকাল (নেপালগঞ্জ), তন্ময় তিওয়ারি (নেপালগঞ্জ), সাগর দে (বাগনান), সরিৎশেখর দাস (বাগনান), চন্দ্রশেখর দাস (বাগনান), সাধনকুমার বসাক (কলকাতা) ও প্রীতম রায় (রানাঘাট)। প্রত্যেকেই মৃত বলে জানা গিয়েছে।

## করোনা ভ্যাকসিন দেওয়ার নজির গড়ল ভারত



**২১ অক্টোবর:** মাত্র ২৮৪ দিনে দেশের ১০০ কোটি মানুষকে করোনা প্রতিষেধক ভ্যাকসিন দেওয়ার নজির গড়ল ভারত। টিকা সরবরাহে বার বার বৈষম্যের শিকার হওয়া সত্ত্বেও টিকাকরণের তালিকায় উত্তরপ্রদেশ ও মহারাষ্ট্রের পরেই তৃতীয় স্থানে রয়েছে পশ্চিমবঙ্গ। তবে সাফল্যের মধ্যেও কেন্দ্রের টিকাকরণ কর্মসূচি নিয়ে নানা প্রশ্ন রয়েই গেছে। বিশেষ করে টিকাকরণের লক্ষ্যমাত্রা কবে পূর্ণ হবে সে নিয়ে বিরোধীরা সরব হয়েছেন। তবে টিকাকরণের সাফল্যে ভারতকে অভিনন্দন বার্তা পাঠিয়েছে আমেরিকা, ইংল্যান্ড, ফ্রান্স-সহ নানা দেশ। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)-এর প্রধান টেড্রস অ্যাডানম গেব্রিয়েসাসও টুইট করে ভারতের জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন।



" দেশের কাছে ক্ষমা চাইছি। আন্তরিক ভাবে এবং পবিত্র মন নিয়ে বলছি, আমাদের তপস্যায় নিশ্চয় কিছু ভুল ছিল। তাই প্রদীপের আলোর মতো সত্য সব কৃষকভাইকে বোঝাতে পারিনি।... আমরা কৃষি আইন বাতিল করার সিদ্ধান্ত নিয়েছি। "

নরেন্দ্র মোদী, *প্রধানমন্ত্রী*
কৃষক আন্দোলনের কাছে নতি স্বীকার করে নিয়ে

## দাদাসাহেব ফালকে পুরস্কার পেলেন রজনীকান্ত




**২৫ অক্টোবর:** ভারতীয় সিনেমার সর্বোচ্চ সম্মান দাদাসাহেব ফালকে পুরস্কার পেলেন দক্ষিণী ছবির সুপারস্টার রজনীকান্ত। সিনেমায় নামার আগে তিনি ছিলেন শিবাজি রাও গায়কোয়াড়, পেশায় বেঙ্গালুরু ট্রান্সপোর্ট সার্ভিসের বাস কন্ডাক্টর। এ দিন নয়াদিল্লির বিজ্ঞান ভবনে উপ-রাষ্ট্রপতি বেঙ্কাইয়া নাইডুর হাত থেকে দাদাসাহেব ফালকে সম্মান গ্রহণ করার পর পুরস্কারটি যাঁদের উৎসর্গ করলেন, তার মধ্যে রয়েছেন তাঁর প্রথম জীবনের বন্ধু বাসচালক রাজ বাহাদুর। বললেন, 'আমার মধ্যে যে অভিনয়ের প্রতিভা রয়েছে, তা প্রথম চিহ্নিত করেছিল রাজ বাহাদুরই। আমার বন্ধু, বাসের চালক এবং পরিবহণ পেশার সতীর্থ। ও-ই আমায় উৎসাহ দেয় সিনেমায় যোগ দেওয়ার জন্য।'

**একমাসের মধ্যে তিনটি কিলার হোয়েলের** দর্শন মিলল লাক্ষাদ্বীপের কাদমাত দ্বীপে। গত ১২ অক্টোবর মৎস্যজীবীদের সাহায্যে একটি কিলার হোয়েল দেখতে পেয়েছিলেন সমুদ্রবিজ্ঞানীরা। এদিন দ্বীপের কাছে দেখা মেলে আরও দু'টি তিমির। কাভারাত্তির পরিবেশ দপ্তরের এক আধিকারিকের কথায়, 'আরব সাগরে কিলার হোয়েলের দেখা পাওয়া খুব সহজ নয়। এরা ঠিক কোথায় থাকে, মরসুম অনুযায়ী কীভাবে এদের গতিবিধি বদলায় এ সংক্রান্ত পর্যাপ্ত তথ্য আমাদের নেই। ফলে একমাসের মধ্যে তিনটি কিলার হোয়েল-এর দেখা পাওয়া সত্যিই বিরল।

**২৩ অক্টোবর** জম্মু-কাশ্মীর পূর্ণরাজ্যের মর্যাদা ফিরে পাবে বলে আশ্বাস দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। জম্মু-কাশ্মীরে ৩৭০ ধারা রদ হওয়ার পরে এই প্রথম সেখানে গেলেন তিনি। এদিন শ্রীনগরে শাহ সংবাদমাধ্যমের সামনে বলতে গিয়ে পূর্ণ রাজ্যে ফেরার ধাপগুলো তুলে ধরেছেন। যার মধ্যে প্রথমেই থাকছে ডিলিমিটেশন অর্থাৎ আসন পুনর্বিন্যাস। তার পরে নির্বাচন এবং শেষ ধাপে পূর্ণরাজ্যের তকমা। যদিও বিরোধীদের অনেকেরই অভিযোগ উপত্যকার জনচরিত্র বদলে দেওয়াই ডিলিমিটেশনের উদ্দেশ্য। **কাশ্মীর যখনই শান্ত থাকে, তখনই** পাকিস্তান ও চিন ভারতে ছায়াযুদ্ধের পরিস্থিতি তৈরি করার চেষ্টা করে বলে অভিযোগ তুললেন দেশের চিফ অব ডিফেন্স স্টাফ বিপিন রাওয়ত। এদিন গুয়াহাটিতে এক অনুষ্ঠানে তিনি বলেন, 'পাকিস্তান যে-কোনও উপায়ে জম্মু-কাশ্মীর অশান্ত রাখতে চায়। একটি সম্প্রদায়ের মানুষকে হত্যা করে সকলের মনে ভয় ঢোকাতে চাইছে তারা। কিন্তু সেনার গোয়েন্দা নেটওয়ার্ক শক্তিশালী করা হয়েছে। তাই এবার তারা সফল হবে না।

## বিশ্বের সেরা বিজ্ঞানীদের তালিকায় জিতেন্দ্রনাথ



**২৭ অক্টোবর:** বিশ্বজুড়ে দুই শতাংশ সেরা বিজ্ঞানীর তালিকায় জায়গা করে নিলেন আসানসোলের কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যার অধ্যাপক জিতেন্দ্রনাথ রায়। ক্যালিফোর্নিয়ার স্ট্যানফোর্ড ইউনিভার্সিটির তৈরি তালিকায় স্থান পেয়েছেন বিশ্বের সেরা ৩,৩৫১ জন বিজ্ঞানী। ওই তালিকাতেই নাম রয়েছে বাঙালি বিজ্ঞানীর। স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয় ১৯ অক্টোবর ওই তালিকা প্রকাশ করে।

**২৪ অক্টোবর** কংগ্রেসের সঙ্গে দীর্ঘদিনের জোট এবার ভেঙে দেওয়ার ইঙ্গিত দিলেন আরজেডি সুপ্রিমো ও বর্ষীয়ান রাজনীতিবিদ লালুপ্রসাদ যাদব। দুই দলের মধ্যে চলতে থাকা মতপার্থক্য ও দ্বন্দ্ব এবার প্রকাশ্যে চলে এল। বিহারের দু'টি আসনের উপনির্বাচনকে কেন্দ্র করে কংগ্রেসের সঙ্গ ত্যাগ করতে যে তাদের আপত্তি নেই, তা জানিয়ে দিলেন লালু। কংগ্রেসকে কটাক্ষ করে তাঁর প্রশ্ন 'কংগ্রেসের সঙ্গে কীসের জোট? কীসের আসন সমঝোতা? আমরা কি হারার জন্য কংগ্রেসের উপরে সব কিছু ছেড়ে দেব? আমরা কি জামানত হারাতে চাইব?' উল্লেখ্য গত বছরের বিহার বিধানসভা নির্বাচনের পরে কংগ্রেস ও আরজেডি-র মধ্যে দ্বন্দ্ব তীব্র হয়। ভোটের ফলে দেখা গিয়েছিল ১৪৪টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করে ৭৫টি আসনে জয়ী হয়েছিল লালুর দল। অন্যদিকে, ৭০টি আসনে লড়াই করে মাত্র ১৯টি আসনে জয় পেয়েছিল কংগ্রেস। এর পরে যত সময় এগিয়েছে ততই দু'তরফের মধ্যে ভাঙন ধরেছে।

**২৬ অক্টোবর** করোনার দাপটে ফের লকডাউনের পথে হাঁটল চিন। এই অতিমারী নিয়ন্ত্রণে এবার ৪০ লক্ষ মানুষের শহর লনঝাউয়ে কড়া লকডাউন ঘোষণা করেছে প্রশাসন। শহরবাসীকে কার্যত গৃহবন্দি করে রাখা হয়েছে। সংবাদ সংস্থা এএফপি সূত্রে জানা গিয়েছে এদিন থেকে চিনের উত্তর-পশ্চিম অংশের শহর লনঝাউয়ে লকডাউন জারি করা হয়েছে।

## তৃণমূলে যোগ দিলেন লিয়েন্ডার পেজ ও নাফিসা আলি



**২৯ অক্টোবর:** মমতা বন্দ্যোপাধ্যায়ের উপস্থিতিতে গোয়ায় তৃণমূল কংগ্রেসে যোগ দিলেন টেনিস তারকা লিয়েন্ডার পেজ। অলিম্পিকে সিঙ্গলসে ব্রোঞ্জজয়ী লিয়েন্ডার ভারতের অন্যতম সেরা টেনিস তারকা। গোয়ায় বিধানসভা ভোটের ঠিক আগে তাঁর তৃণমূলে যোগ দেওয়া যথেষ্ট তাৎপর্যপূর্ণ। অভিনেত্রী নাফিসা আলি-ও এ দিন আনুষ্ঠানিক ভাবে তৃণমূলে যোগ দিয়েছেন।

**২৭ অক্টোবর** পাঞ্জাবের কংগ্রেস ত্যাগী প্রাক্তন মুখ্যমন্ত্রী ক্যাপ্টেন অমরিন্দর সিং নতুন দল গড়ার কথা ঘোষণা করলেন। চণ্ডীগড়ে সাংবাদিক বৈঠকে তিনি এই ঘোষণা করলেও দলের নাম বলেননি। বিধানসভা নির্বাচনে বিজেপির সঙ্গে জোটে যাচ্ছেন ক্যাপ্টেন। **পেগ্যাসাস ইস্যুতে মোদী সরকারের** যাবতীয় যুক্তি ও আপত্তি খারিজ করে বিশেষ তদন্ত কমিটি গঠন করল সুপ্রিম কোর্ট। জাতীয় নিরাপত্তার দোহাই দিয়ে সরকার যে যা খুশি করতে পারে না— তা স্পষ্ট জানিয়ে দিল প্রধান বিচারপতি এন ভি রমাণার নেতৃত্বাধীন বেঞ্চ। এই বিষয়ে অভিযোগ, কেন্দ্র ইজরায়েল থেকে কেনা স্পাইওয়্যার পেগ্যাসাস কাজে লাগিয়ে আড়ি পেতেছে বিরোধী নেতা, সাংবাদিক, আমলা থেকে শুরু করে আমজনতার একটা বড় অংশের ফোনে।

**২৮ অক্টোবর** ২৫ দিন পর জামিন পেলেন শাহরুখ-পুত্র আরিয়ান খান। এ দিন বম্বে হাইকোর্ট তাঁর জামিনের আবেদন মঞ্জুর করে। তবে আরিয়ান একা নন, প্রমোদতরীর মাদক-মামলায় অভিযুক্ত আরবাজ মার্চেন্ট এবং মুনমুন ধামেচার জামিনের আবেদনও মঞ্জুর করেছে আদালত।

**২৯ অক্টোবর** জাতীয় পরিবেশ আদালত গোটা পূর্ব কলকাতা জলাভূমি এলাকা আলাদা ভাবে চিহ্নিত করে ঘিরে দেওয়ার নির্দেশ দিল। উপযুক্ত সমীক্ষা চালিয়ে ও স্যাটেলাইট চিত্র কাজে লাগিয়ে পিলার বসিয়ে পূর্ব কলকাতা জলাভূমি এলাকা চিহ্নিত করে দিতে হবে বলে জানিয়েছে আদালত। বিচারপতি বি অমিত স্থালেকর ও বিশেষজ্ঞ সদস্য শৈবাল দাশগুপ্তের বেঞ্চ নির্দেশ দিয়েছে ছ'মাসের মধ্যেই এই কাজ শেষ করে রাজ্যকে রিপোর্ট দিতে হবে আদালতে।

## প্রয়াত অ্যালান ডেভিডসন




**৩০ অক্টোবর:** অস্ট্রেলিয়ার বাঁ-হাতি পেসার ও অলরাউন্ডার অ্যালান ডেভিডসন (৯২) প্রয়াত হলেন। দু'দিকে বল সুইং করাতে পারতেন বলে তাঁকে বলা হত সুইংয়ের জাদুকর। টেস্ট ইতিহাসে ব্রিসবেনের গাব্বায় প্রথম টাই টেস্টে বড় ভূমিকা ছিল ডেভিডসনের। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে সেই টেস্টে ভাঙা আঙুল নিয়ে খেলে তিনি দুই ইনিংস মিলিয়ে ২২২ রান দিয়ে ১১ উইকেট পেয়েছিলেন। দুই ইনিংস মিলিয়ে রান করেছিলেন ১২৪। ১৯৫৩-৬৩ সালের মধ্যে ৪৪ টেস্টে নিয়েছেন ১৮৬ উইকেট। করেছেন ১৩২৮ রান।

## অগ্নি ৫-এর সফল উৎক্ষেপণ



**২৭ অক্টোবর:** সফল পরীক্ষা হল ভারতের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র অগ্নি ৫-এর। ওড়িশার এপিজে আব্দুল কালাম দ্বীপ থেকে এই ক্ষেপণাস্ত্রের উৎক্ষেপণ করা হয় ৫ হাজার কিলোমিটার দূরের কোনও লক্ষ্যবস্তুকে আঘাত হানতে সক্ষম এই ক্ষেপণাস্ত্র। অর্থাৎ চিনকে এই ক্ষেপণাস্ত্র ব্যবহার করে আঘাত হানা যেতে পারে। বিশেষজ্ঞের মতে এর ফলে প্রতিবেশীর কাছে কড়া বার্তা পৌঁছল। অগ্নি ৫-এর বিশেষত্ব হল, একসঙ্গে একাধিক লক্ষ্যবস্তুকে নিখুঁত ভাবে ধ্বংস করতে সক্ষম। এমনকী এই ক্ষেপণাস্ত্রের মাধ্যমে প্রয়োজনে পরমাণু হামলাও চালানো যাবে।


Inquire Innovate Inspire
GRIFFINS
International School
KHARAGPUR
Griffins International School
CBSE AFFILIATION NO. - 2430226
International Dimension in Schools 2018-21
Inquire.Innovate.Inspire.
A SCHOOLING COMPRISED OF
KNOWLEDGE, SKILLS AND VALUES
ADMISSION OPEN
NURSERY - XI 2022-23
Griffins International School
HOSTEL FACILITY FOR BOYS FROM CLASS IV ONWARDS.
EXCELLENT INFRASTRUCTURE • MODERN LABORATORIES • CAREER COUNSELLING
HIGHLY QUALIFIED AND EXPERIENCED FACULTY • COACHING FOR IITJEE & NEET
74777 73777 , 74777 83777
www.griffins.edu.in

# ডাক বিভাগে ১০২ খেলোয়াড়

ভারতীয় ডাক বিভাগের মহারাষ্ট্র পোস্টাল সার্কলের বিভিন্ন রিজিয়ন ও ডিভিশনে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট ও সর্টিং অ্যাসিস্ট্যান্ট পদে ১০২ জন খেলোয়াড় নিয়োগ করা হবে। পোস্টাল অ্যাসিস্ট্যান্ট পোস্ট অফিস, সেভিংস ব্যাঙ্ক কন্ট্রোল অর্গানাইজেশন, অ্যাডমিনিস্ট্রেটিভ অফিস ও সাব-অর্ডিনেট অফিসে এবং সর্টিং অ্যাসিস্ট্যান্ট রেলওয়ে মেল সার্ভিস অফিসে নিয়োগ করা হবে। প্রথমে ২ বছরের প্রবেশন। পদ ও নিয়মানুসারে ট্রেনিং হবে।

যেসব ক্রীড়াক্ষেত্র থেকে নিয়োগ করা হবে সেগুলি হল: আর্চারি, অ্যাথলেটিক্স (ট্র্যাক অ্যান্ড ফিল্ড ইভেন্ট-সহ), আটায়া-পাটায়া, ব্যাডমিন্টন, বল ব্যাডমিন্টন, বেস বল, বাস্কেট বল, বিলিয়ার্ডস অ্যান্ড স্নুকার, বডি বিল্ডিং, বক্সিং, ব্রিজ, ক্যারম, চেস, ক্রিকেট, সাইক্লিং, সাইকেল পোলো, ডিফ স্পোর্টস, ইক্যুয়েস্ট্রিয়ান, ফেন্সিং, ফুটবল, গল্ফ, জিমন্যাস্টিক্স, হ্যান্ডবল, হকি, আইস হকি, আইস স্কেটিং, আইস স্কিইং, জুডো, কবাডি, ক্যারাটে, কায়াকিং অ্যান্ড কানোয়িং, খো খো, কুডো, মল্লাখাম্ব, মোটর স্পোর্টস, নেট বল, প্যারা স্পোর্টস, পেনক্যাক সিলাট, পোলো, পাওয়ার লিফটিং, শ্যুটিং, শ্যুটিং বল, রোল বল, রোলার স্কেটিং, রোয়িং, রাগবি, সেপাক টাকরো, সফট বল, সফট টেনিস, স্কোয়াশ, সুইমিং, টেবল টেনিস, তায়কোন্ডো, টেনি কোয়েট, টেনিস, টেনিস বল ক্রিকেট, টেনপিন বোলিং, ট্রিয়াথলন, টাগ অব ওয়ার, ভলি বল, ওয়েট লিফটিং, রেসলিং, উশু, ইয়টিং।

**শূন্যপদের বিন্যাস:** পোস্টাল অ্যাসিস্ট্যান্ট: শূন্যপদ ৯৩টি। সর্টিং অ্যাসিস্ট্যান্ট: শূন্যপদ ৯টি।

**শিক্ষাগত যোগ্যতা:** দু'টি পদের ক্ষেত্রেই উচ্চমাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বেসিক কম্পিউটার কোর্স করে থাকতে হবে। তবে উচ্চমাধ্যমিক বা উচ্চতর স্তরে কম্পিউটার অন্যতম বিষয় হিসেবে পড়ে থাকলে পৃথক কম্পিউটার কোর্স না করে থাকলেও চলবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতায় অগ্রাধিকার পাওয়া যাবে না।

**খেলাধুলার যোগ্যতা:** জাতীয় বা আন্তর্জাতিক প্রতিযোগিতায় রাজ্য বা দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা ইন্টার ইউনিভার্সিটি স্পোর্টস বোর্ড আয়োজিত আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা অল ইন্ডিয়া স্কুল গেমস ফেডারেশন কর্তৃক আয়োজিত জাতীয় স্তরের প্রতিযোগিতায় রাজ্যের স্কুলের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা ন্যাশনাল ফিজিক্যাল এফিশিয়েন্সি ড্রাইভে জাতীয় স্তরে পুরস্কৃত হয়ে থাকতে হবে।

**বয়স:** ২৭-১১-২০২১ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ২৫,৫০০-৮১,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে প্রার্থীর শিক্ষাগত ও খেলাধুলার যোগ্যতার ভিত্তিতে।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://dopsportsrecruitment.in

অনলাইন রেজিস্ট্রেশনের শেষ তারিখ ২৭ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ কেবি সাইজের মধ্যে) এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র (প্রতিটি ২০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ জমা দিতে হবে ২০০ টাকা। মহিলা, মহিলা ট্রান্সজেন্ডার ও তফসিলি প্রার্থীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। হেল্পলাইন নম্বর: ০২২-২২৬২০৭৬৮।


## NETAJI SUBHAS OPEN UNIVERSITY

DD - 26, Sector - I, Salt Lake City, Kolkata - 700064
ESTABLISHED BY WB ACT (XIX) OF 1997, RECOGNIZED BY UGC-DEB
NAAC ACCREDITED WITH GRADE 'A'
Email.: nsou@wbnsou.ac.in; Website: www.wbnsou.ac.in

**CELEBRATING SILVER JUBILEE YEAR**

Memo No.: Reg / 1242

**Admission Notification**

Date : 09.11.2021

**APPLICATIONS ARE INVITED FROM INDIAN NATIONALS FOR THE FOLLOWING COURSES OF THE UNIVERSITY FOR JANUARY 2022 (ACADEMIC YEAR 2021-22) SESSION.**

COURSES OFFERED BY SCHOOL OF SCIENCES

| Name of the Courses | Course Code |
|---|---|
| M.Sc. in Mathematics | PGMT |
| M.Sc. in Geography | * PGGR |
| M.Sc. in Zoology | * PGZO |

* **Important Note :** In these courses seats are limited. The admission will be made strictly on the basis of merit and following the reservation policy of the Government and the University through counselling. .

COURSES OFFERED BY SCHOOL OF HUMANITIES

| | |
|---|---|
| M.A. in Bengali | PGBG |
| M.A. in English | PGEG |
| M.A in English Language Teaching | PGEL |
| M.A. in Journalism and Mass Communication | PGMC |

COURSES OFFERED BY SCHOOL OF SOCIAL SCIENCES

| | |
|---|---|
| M.A. in History | PGHI |
| M.A. in Political Science | PGPS |
| M.A. in Public Administration | PGPA |

COURSE OFFERED BY SCHOOL OF EDUCATION

| Name of the Course | Course Code |
|---|---|
| M.A. in Education | PGED |

COURSES OFFERED BY SCHOOL OF PROFESSIONAL STUDIES

| | |
|---|---|
| M.Com. | PGCO |
| M.A. in Economics | PGEC |
| Master of Social Work (MSW) | PGSW |
| Master of Library & Information Science | MLIS |

2nd DEGREE AND ADVANCE DIPLOMA COURSES

- Bachelor of Library & Information Science
- Advance Diploma in English LanguageTeaching
- Advance Diploma in Public Relations and Advertising
- Advance Diploma in Journalism & Mass Communication

For detailed admission notification, tentative time schedule, eligibility criteria, fees structure, course duration, list of Learner Support Centres, steps to be followed and other guideline please visit our official website **(www.wbnsou.ac.in)** or admission websites **(www.wbnsouadmissions.com) on and from 05.12.2021.**

**UG PROGRAMME**

In light of circular of Govt. of West Bengal vide memo no.: 1067-Edn(CS)/10M-95/2014 dated 02.11.2021 Netaji Subhas Open University has reopened admission for Under Graduate Programmes, Session July 2021 (2nd Phase). For detailed please visit our official website **(www.wbnsou.ac.in)** or admission websites **(bdp.wbnsouadmissions.com)**

**Registrar**

## MATA GUJRI COLLEGE OF NURSING

**Purabpali Road, Kishanganj, Bihar-855107**
**(Near Bagdogra Airport, Silliguri, West Bengal)**
**( A Constituent Unit of Mata Gujri University)**
A University established under Bihar Private Universities Act,2013 recognised under 2 (f) of the UGC Act,1956
Email:- matagujriuniversity@gmail.com, Website :-www.matagujriuniversity.com

**URGENT REQUIREMENT**

**Application are invited from eligible candidates for the following post.**

1. **Principal:-01**
   15 years experience with M.Sc. (N) out of which12 years should be teaching experience with minimum of 05 years in collegiate programme.
2. **Professor :-03**
   10 years experience with M.Sc. (N) out of which 07 years should be teaching experience.
3. **Associate Professor :-05**
   M.Sc. (N) with 08 years experience including 05 years teaching experience.
4. **Assistant Professor :-08**
   M.Sc. (N) with 03 years teaching experience.

**Note:-** Vacant Post for Associate Professor & Assistant Professor in following subjects. (i) Child Health Nursing Speciality (ii) Medical Surgical Nursing Speciality. (iii)Community Health Nursing (iv) Midwifery and Obstetrical Nursing (v) Mental Health Nursing.

**Salary :- Attractive and Negotiable. Furnished accommodation will be provided.**

Interested candidates may **WALK-IN** for an interview from 20th to 30th November 2021 at Mata Gujri University. Purabpali Road, Kishanganj, Bihar, (travelling allowance permissible) or may send their resume at E-mail ID matagujriuniversity@gmail.com latest by 30th November 2021. For Further queries, candidates may contact at 9931111117 & 9262699974

**REGISTRAR**

## AICTE অনুমোদিত এলিট কলেজ সোদপুরে B.Tech Diploma, D.VOC এবং ITI কোর্সে ভর্তি চলছে। কর্মসংস্থানের ক্ষেত্রে এলিট সোদপুর সর্বদাই অগ্রগণ্য।

কোভিডের পরিস্থিতিতে দিশাহারা, বিশেষত যারা চাকরির নতুন দিশা খুঁজছেন। কী করবেন? কোথায় পড়বেন? পাশ করলেই বা কী? চাকরি কি পাব? এরকম নানা ভাবনায় বিড়ম্বনায় ছাত্রছাত্রী–অভিভাবক সকলেই। সেই মতো শিক্ষাদানে এক নয়া পথের দিশারী সোদপুরের এলিট ইনস্টিটিউট।

বিশ্বে চাকরির বাজারে ফুল ফুটিয়েছে একমাত্র পেশাদার ইঞ্জিনিয়াররা, যা রীতিমতো বিপ্লব ঘটিয়েছে নিত্য নতুন শিল্পের সৃষ্টিতে। চিন, জাপান, আমেরিকা, ব্রাজিল, জার্মানির পরই বিশ্বে আজ সবচেয়ে বড় বাজার ভারতবর্ষে। প্রয়োজন অসংখ্য ট্রেন্ড ইঞ্জিনিয়ারের। সেইমতো শিক্ষাদানে তোলপাড় ফেলেছে সোদপুরের এলিট কলেজ – Diploma, B.Tech এবং ITI ভর্তির ক্ষেত্রে।

ভারত সরকারের মানব সম্পদ উন্নয়নের পরিসংখ্যান বলছে ২০২৫ সালের মধ্যে প্রয়োজন ১০ লক্ষ শিক্ষিত পলিটেকনিকের ছাত্রছাত্রী। আর তাতেই বোঝা যায় পলিটেকনিকের ছেলেমেয়েদের কী পরিমাণ গ্রহণযোগ্যতা আমাদের দেশে ও বহির্বিশ্বে। 'Time knowledge Icon'-এর বিচারে শ্রেষ্ঠ উদীয়মান কলেজ হিসাবে পুরস্কৃত এলিট পলিটেকনিক ইনস্টিটিউটে Mechanical, Civil, Electrical, Compu. Sc. & Tech., Automobile Engineering এবং Electronics & Telecom পড়ানো হয়। যোগ্যতা হিসাবে জন্ম অবশ্যই ১.৭.২০০৭-এর পরে হওয়া চলবে না এবং Valid Jexpo Rank-এর সাথে মাধ্যমিকে ন্যূনতম ৩৫% নম্বর। এছাড়াও এই বছর এলিটের নবতম সংযোজন Diploma সমতুল্য D.VOC কোর্স। কোর্সগুলি হল Artificial Intelligence & Robotics, Data Sc., Cyber Security and Big Data। এই সমস্ত কোর্স AICTE অনুমোদিত এবং WBSCT & VE & SD দ্বারা পরিচালিত। এই কোর্স করা উত্তীর্ণ ছেলেমেয়েদের জন্য রয়েছে Lateral Entry Scheme-এ B.Tech করার সুযোগ। এছাড়াও উচ্চমাধ্যমিক (Sc.) উত্তীর্ণদের জন্য রয়েছে সরাসরি ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং-এ দ্বিতীয় বর্ষে ভর্তির সুবর্ণ সুযোগ।

আন্তর্জাতিক শিল্পের গুণমান অনুযায়ী এবং শিল্পের চাহিদা মতো ভারত সরকারের অধীনে AICTE অনুমোদিত এখানকার B.Tech কোর্সগুলি হল Mechanical, Civil, Electrical এবং Compu. Sc.-এর ইঞ্জিনিয়ারিং। এই সমস্ত কোর্সের চাহিদাই এখন গগনচুম্বি। তবে recently Govt. of India-এর Make in India & Digital India-এর প্রকল্পের সহায়তায় Civil এবং Computer Sc. -এর চাহিদা আরও বাড়বে। যোগ্যতা হিসাবে দরকার শুধুমাত্র valid JEE-2021 rank। প্রসঙ্গত উল্লেখ্য, এলিট ইঞ্জিনিয়ারিং কলেজ (B.Tech), ২৪ ঘণ্টা "Education Excellence Award 2019"-এ "Best Emerging B.Tech College"-এর সম্মানে সম্মানিত। এছাড়াও ভারত সরকারের শ্রম দফতর (Ministry of Labour Employment) দ্বারা স্বীকৃত এবং NCVT দ্বারা নিয়ন্ত্রিত ITI কোর্সে যেমন ধরা যাক Fitter এবং Electrician কোর্স দুটি প্রত্যেকটি 2 বছরের। এই কোর্সগুলি করা যায় শুধুমাত্র মাধ্যমিক পাশ করলেই। শিক্ষান্তে রয়েছে নিশ্চিত চাকরিদানের নিজস্ব placement cell। কোভিডের এই বিশেষ পরিস্থিতিতে ছাত্রছাত্রীদের আর্থিক অবস্থার কথা চিন্তা করে এখানে 'Student Credit Card & Interest Free Loan'-এর বিশেষ ব্যবস্থা আছে। এখানকার উত্তীর্ণ ছাত্রছাত্রীরা Chennai-115, Globsyn 3rd Life-21, Hightech Next Engineering & Telecom Pvt. Ltd., Kol-20, Kaynes-8, Jaya Hind Pune, Capegemini-2, Flipkart, Maruti Suzuki, Mando, Ambika Solution, Kanteen India, Delta Consultant, Zenus Group, Lucas TVS, Talbros, Codezin, Rehau, Mundra Solar Project, BOSCH Group, Simoco, GRIEFO – বিভিন্ন কর্পোরেট সংস্থায় কর্মরত। ভর্তি চলছে,

যোগাযোগ:

1. **Ellite Institute of Engg. & Mgmt.**
2. **Ellite College of Engineering**
3. **Ellite Pvt. Industrial Training Inst.**

**Campus- P.O.: Karnamadhabpur, P.S.- Ghola, Kolkata-113.**
**Ph. 9831500840, 9163316560/63**
**Online Admission link-**
**For B.Tech- petindia.org/ece**
**For Diploma- petindia.org/eiem**
**For ITI- petindia.org/epiti**

#EDUCATIONBEYONDORDINARY

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীদের POLYTECHNIC বা DIPLOMA ENGINEERING বা VOCLET এ পড়ার সুযোগ

AICTE এবং WBSCT&VE&SD দ্বারা অনুমোদিত

JIS GROUP
Educational Initiatives
30 INSTITUTIONS | 140 PROGRAMMES | 37000+ STUDENTS

AVAIL WEST BENGAL
**STUDENT CREDIT CARD SCHEME**

**APPLY NOW**
www.jisgroup.org

**HELPLINE**
90733 70470 | 93309 06153

# ADMISSIONS OPEN 2021

**JIS School of Polytechnic (JISSP)**
**M: 82407 66831** | www.jissp.ac.in
Mechanical Engineering | Electrical Engineering | Electronics & Telecommunication Engineering | Computer Science & Technology | Civil Engineering

**JIS College of Engineering (JISCE)**
M: **86977 43363** | www.jiscollege.ac.in
Electrical Engineering | Mechanical Engineering

**Narula Institute of Technology (NIT)**
**M: 89024 96651** | www.nit.ac.in
Electronics & Telecommunication Engineering | Civil Engineering | Electrical Engineering | Mechanical Engineering

**Guru Nanak Institute of Technology (GNIT)**
**M: 90733 22523** | www.gnit.ac.in
Electrical Engineering | Electronics & Telecommunication Engineering

**SurTech** *(Dr. Sudhir Chandra Sur Institute of Technology & Sports Complex)*
**M: 62919 77707/08** | www.surtech.edu.in
Civil Engineering | Automobile Engineering

**Guru Nanak Institute of Hotel Management (GNIHM)**
**M: 98361 06964** | www.gnihm.ac.in
Hotel Operations | Food Production & Bakery | Food & Beverage Service | Accommodation Operations

**Greater Kolkata College of Engineering and Management (GKCEM)**
**M: 90736 83914/15** | www.gkcem.ac.in
Electrical Engineering | Electronics & Telecommunication Engineering

**Abacus Institute of Engineering and Management (AIEM) (JV)**
**M: 90736 83913** | www.abacusinstitute.org
Civil Engineering | Mechanical Engineering
Communication & Computer Networking

**Gargi Memorial Institute of Technology (GMIT) (JV)**
**M: 83369 42309** | www.gmitkolkata.org
D.Pharm

**যোগ্যতা :** মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় ন্যূনতম ৩৫ শতাংশ নম্বর (অঙ্ক, ইংরেজি ও বিজ্ঞান/ ভৌতবিজ্ঞান এই তিনটি বিষয়ে পাশ করা প্রয়োজন)।

## ডিপ্লোমা পরবর্তীতে B.Tech Lateral-এ সরাসরি ভর্তির সুযোগ

পূর্বভারতের বিশ্বস্ত শিক্ষাগোষ্ঠী **জে আই এস**-এর অর্ন্তভুক্ত **৬টি** ইঞ্জিনিয়ারিং ও **৩টি** ফার্মাসী কলেজ এবং হোটেল ম্যানেজমন্ট ছাড়া কল্যানীতে অবস্থিত **JIS School of Polytechnic**-এ সব মিলিয়ে **১৪টি** বিষয়ে **Diploma Engineering** পড়ানো হয়। এর প্রত্যেকটি বিষয় **WBCTE&VE&SD** দ্বারা স্বীকৃত।

পলিটেকনিকে পরিকাঠামোর মধ্যে রয়েছে **৪২টি** উন্নতমানের ল্যাবরেটরি এবং ওয়ার্কশপ আর **২৭,০০০**-এর বেশি পাঠ্যপুস্তক ও জার্নাল-এর সমাহারে তৈরি আধুনিক মানের লাইব্রেরি। ছাত্রছাত্রীদের পড়ানোর কাজে যুক্ত রয়েছেন অভিজ্ঞ ও বিভিন্ন শিল্পমহলের সঙ্গে যুক্ত শিক্ষকমন্ডলী।

JIS শিক্ষাগোষ্ঠীর অন্তর্গত কলেজগুলির থেকে ২০২১ সালে সম্মিলিতিভাবে ৮৮ শতাংশ ছাত্রছাত্রী **Placement** পেয়েছে।

7 Sarat Bose Road, Kolkata - 700 020

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in